

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০৮.৯৮.০০৮.১৮- ২০১৮,

তারিখ: ১১ জুন ২০১৯ খ্রি:


বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবাসমূহ অটোমেশনের জন্য গৃহীত Online Licensing Module (OLM) সফটওয়্যারের মাধ্যমে শুধুমাত্র ঢাকা আঞ্চলিক দপ্তরে বিগত ২৪ ডিসেম্বর ২০১৮ সংশোধন করে বিগত ২৯ মে ২০১৯ তারিখে সকল দপ্তরের সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছিল। পরীক্ষামূলকভাবে চালুকৃত OLM সফটওয়্যারটির প্রয়োজনীয় সংশোধন করে বিগত ২৯ মে ২০১৯ তারিখে সকল দপ্তরের সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। বর্তমানে বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ (আইআরসি), রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি), শিল্প আমদানি নিবন্ধন সনদ, রপ্তানি নিবন্ধন সনদ (ইন্ডেন্টিং সার্ভিস), আমদানি পারমিট (আইপি), রপ্তানি পারমিট (ইপি)সহ সকল ধরণের সেবাসমূহ OLM এর মাধ্যমে প্রদান করা হচ্ছে।

২। অনলাইনের মাধ্যমে একজন সেবাপ্রাপ্তীক কিভাবে সেবা গ্রহণ করতে পারবেন সে সংক্রান্ত নির্দেশিকা এ অধিদপ্তরের ওয়েবসাইট (www.ccie.gov.bd) এ প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত অনলাইনের পাশাপাশি বিদ্যমান পদ্ধতিতেও সেবা প্রদান কার্যক্রম চলমান থাকবে। তবে শীঘ্রই বিদ্যমান পদ্ধতিতে (ম্যানুয়াল) সেবা প্রদান কার্যক্রম রাখিত করা হবে।

৩। বিগত ২৪ ডিসেম্বর ২০১৮ তারিখ হতে অনলাইনের মাধ্যমে যে সকল নিবন্ধন সনদ ইস্যু করা হয়েছে এবং OLM এর মাধ্যমে যে সকল নিবন্ধন সনদ ও পারমিটসমূহ ইস্যু করা হবে সে সকল সনদপত্র বা পারমিট প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলকে (বাংলাদেশ ব্যাংক, তালিকাভূক্ত তফসিলি ব্যাংকসমূহ, শুল্ক ও বন্ড কর্তৃপক্ষ, পোষক কর্তৃপক্ষসমূহ, ট্রেড এসোসিয়েশন/চেষ্টারসমূহ ইত্যাদি) প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

৪। উল্লেখ্য, OLM এর মাধ্যমে প্রদত্ত সনদপত্র এবং পারমিটসমূহের সঠিকতা olm.ccie.gov.bd ওয়েবসাইটের Help অপশন হতে যাচাই করা যাবে।


(মোহাম্মদ আওলাদ হোসেন)

নিয়ন্ত্রক (চান্দাঘ)
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
ফোন: ৯৫৮৪২৭।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
 - ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (সকল শুল্ক কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
 - ৩। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা- ১০০০ (সকল চেষ্টার/ট্রেড এসোসিয়েশনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
 - ৪। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০ (সকল তফসিলি ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
 - ৫। ব্যবস্থাপনা পরিচালক, সকল তফশিলি ব্যাংক, বাংলাদেশ (সকল এডি ব্রাঞ্চসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
 - ৬। দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- স্বাক্ষর মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইট, মোটিশ বোর্ড ও পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিড়া), ৬/ই, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ১৩৭-১৩৮, মতিঝিল, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বন্দু অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরানবাজার, ঢাকা- ১২১৫।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি, বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৬। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।